গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.totthoapa.gov.bd

নং ৩২.০২.০০০০.২০৫.১১.১৭-৬৮

তারিখঃ ৩০ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
১২ফেব্রুয়ারী ২০১৮ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক পরিচালিত “তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)” এর আওতায় নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন (মার্চ ২০২২ পর্যন্ত) জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | পদের নাম | গ্রেড ও সাকুল্য বেতন | পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | হিসাব রক্ষক | গ্রেড-১৪ (বেতন স্কেল- ১০,২০০-২৪,৬৮০) সাকুল্য বেতন ১৮,৩০০/- | ০১ | অনূর্ধ্ব ৩০ বছর | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্যে স্নাতক ডিগ্রি;<br>(২) ন্যূনতম ১ (এক) বছরের সরকারি, আধাসরকারি অথবা স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানে চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে;<br>(৩) কম্পিউটার এবং একাউন্টিং সফট্ওয়্যারে দক্ষ হতে হবে;<br>(৪) স্ট্যান্ডার্ড এ্যাপটিচুড টেস্টে উত্তীর্ণ হতে হবে; |
| ০২ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড-১৬ (বেতন স্কেল- ৯,৩০০-২২,৪৯০) সাকুল্য বেতন- ১৭,০৪৫/- | ০২ | অনূর্ধ্ব ৩০ বছর | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার দেয়া হবে);<br>(২) কোন পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না;<br>(৩) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে;<br>(৪) স্ট্যান্ডার্ড এ্যাপটিচুড টেস্টে উর্ত্তীর্ণ হতে হবে;<br>(৫) তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন শীর্ষক সমাপ্ত প্রকল্প (১ম পর্যায়) এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। সেক্ষেত্রে তাদের বয়স শিথিল যোগ্য বিবেচিত হবে। |
| ০৩ | তথ্যসেবা সহকারী | গ্রেড-১৬ (বেতন স্কেল- ৯,৩০০-২২,৪৯০) সাকুল্য বেতন- ১৭,০৪৫/- | ৯৮০ | অনূর্ধ্ব ৩০ বছর | (১) শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন;<br>(২) ৪৯০টি তথ্যকেন্দ্রের জন্য নিয়োগ করা হবে। পদটি সংশ্লিষ্ট উপজেলার প্রার্থীদ্বারা পূরণ করা হবে। তবে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী উপজেলার প্রার্থী দ্বারা পূরন করা হবে;<br>(৩) এইচ.এস.সি অথবা সমমান;<br>(৪) কোন পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না;<br>(৫) বেসিক আইটিতে ডিপ্লোমা/সার্টিফিকেট থাকতে হবে;<br>(৬) মাইক্রোসফট অফিস, ইন্টারনেট ব্রাউজিং এবং সামাজিক যোগাযোগ মাধ্যম (Facebook, Messenger, Skype, Twitter, LinkedIn, Video Conferencing) পরিচালনায় দক্ষতা থাকতে হবে;<br>(৭) স্ট্যান্ডার্ড এ্যাপটিচুড টেস্টে উর্ত্তীর্ণ হতে হবে;<br>(৮) তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন শীর্ষক সমাপ্ত প্রকল্প (১ম পর্যায়) এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। সেক্ষেত্রে তাদের বয়স শিথিল যোগ্য বিবেচিত হবে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | (৯) বাইসাইকেল চালনায় পারদর্শী প্রার্থীদের অগ্রাধীকার দেয়া হবে। |

শর্তাবলীঃ

১। সকল প্রার্থীকে অনলাইনে https://erecruitment.bcc.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে আগামী ১১/০৩/২০১৮ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে। অনলাইন ব্যতিত অন্য কোন মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না।

২। অনলাইন আবেদনের জন্য https://erecruitment.bcc.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইল এ eRecruitment কর্তৃক ই-মেইল এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। প্রাপ্ত ই-মেইল এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় ধাপসমূহ সম্পন্ন করতে হবে। (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েব সাইট হতে নিবন্ধন গাইড লাইন ও আবেদনের গাইড লাইন অনুসরন করতে হবে)।

৩। কোটাধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডকুমেন্ট আপলোড করতে হবে।

৪। আগামী ১১/০৩/২০১৮ তারিখে সংশ্লিষ্ট প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৫। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন সফট্ওয়্যার কর্তৃক গৃহীত হবে না।

৬। বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৭। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৮। পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে ই-মেইল ও এস এম এস (SMS) এর মাধ্যমে জানানো হবে।

৯। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে কেবলমাত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সুযোগ দেয়া হবে।

১০। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন, চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ সংশ্লিষ্ট সকল ডকুমেন্ট/সনদপত্রের মূল কপি এবং ০১ (এক) সেট ফটোকপি (সত্যায়িত) অফিসে ব্যবহারের জন্য দাখিল করতে হবে।

১১। প্রার্থীদের পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। আবেদন পত্রের সাথে পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট দেয়ার প্রয়োজন নেই।

২২.২.১৮

(মীনা পারভীন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ও
সদস্য সচিব, নিয়োগ কমিটি
ফোন ঃ ৮৩৩২১৩৬।